বিজিএ/হিসাব/২০২৪/২০০

২৪ নভেম্বর ২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বিজিএমইএ'র সম্মানিত সদস্যগনের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহন ও আয়কর রিটার্ন দাখিলসহ অন্যান্য অইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) বিজিএ/হিসাব/২০২৪/১৮৮ তারিখঃ ২৯ অক্টোবর ২০২৪
২) উপ-কর কমিশনার, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা'র বিবিধ/কঃঅঃ-১৪/২০২৪-২০২৫/১০৪ তারিখঃ ২১/১০/২০২৪ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষন করছি। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ (১১) অনুযায়ী "ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে" আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করা বাধ্যতামূলক করা হয়েছে। বিজিএমইএ'র সকল সদস্যের রিটার্ন দাখিলের তথ্য প্রদানের জন্য উপ-কর কমিশনার, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা সূত্রোক্ত পত্র জারী করেছে।

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের'কে আগামী ১০/১১/২০২৪ইং তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক প্রতিষ্ঠানের ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন দাখিলের তথ্য প্রয়োজনীয় দলিলাদিসহ বিজিএমইএ-তে দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে এ বিষয়ে তাগিদ দেয়া হয়। কিন্তু এখন পর্যন্ত অনেক প্রতিষ্ঠানই ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন দাখিলের তথ্য প্রয়োজনীয় দলিলাদিসহ বিজিএমইএ-তে দাখিল করেননি। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন দাখিলের তথ্য প্রয়োজনীয় দলিলাদিসহ বিজিএমইএ-তে দাখিল করার জন্য আগামী ৫ ডিসেম্বর ২০২৪ইং পর্যন্ত বর্ধিত করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে উপ-কর কমিশনার, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা'র সূত্রোক্ত পত্রটি এতসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৪/১১/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

Gas & Electricity
Health
Insurance
Labour
Membership
CMC
MIS
C & M
PR
Communication
TFC
Fair
SDP
Fire & Safety
Signature:
Dispatch No: 7870 Date: 26/10/24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ কর কমিশনারের কার্যালয়
কর সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা
১২/১, বিজয় নগর, আত-ত্বরীক টাওয়ার (৭ম তলা), ঢাকা।

BGMEA DHAKA

নথি নং- বিবিধ/কঃ অঃ-১৪/২০২৪-২০২৫/ ৭০৪

তারিখ: ২১/১০/২০২৪খ্রি.

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স ৭/৭ এ, সেক্টর-১৭,
ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

**বিষয়ঃ ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যদের "রিটার্ন দাখিলের প্রমাণ" প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ (১১) অনুযায়ী "ট্রেড বডি বা পেশাজীবী সংস্থার সদস্যপদ প্রাপ্তি ও বহাল রাখিতে" আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করা বাধাতামূলক করা হয়েছে। উল্লেখ্য যে, রিটার্ন দাখিলে প্রমাণ বলতে বুঝাবে:

(ক) রিটার্ন দাখিলের প্রত্যয়ন বা প্রাপ্তি স্বীকার পত্র;
(খ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট;বা
(গ) করদাতার নাম, টিআইএন এবং করবর্ষ সংবলিত উপ কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের সদস্যগণ আপনার বরাবরে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করেছেন কিনা তা যাচাইয়ের জন্য নিম্ন ছক পূরণ করে আগামী ১৪/১১/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করছি। বিনয়ের সাথে অবহিত করছি যে আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৪ এর ৭ নং উপধারায় "রিটার্ন দাখিলের প্রমাণ" যাচাইয়ে ব্যর্থ হলে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে অনধিক ১০ লক্ষ টাকা জরিমানা আরোপের বিধান আছে।

"ছক"

| ক্র.নং. | বিজিএমইএ সদস্যের নাম ও ঠিকানা | TIN | আয়কর রিটার্ন দাখিল করেছেন কি না (হ্যা/না) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | ২০২৩-২০২৪ করবর্ষ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

উপ-কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল-১৪, ঢাকা সার্কেল-২৯০

২৭/১০/২৪
(মির্জা আরসালান মুহিত)
উপ কর কমিশনার
সার্কেল-২৯০,কর অঞ্চল-১৪, ঢাকা।